

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৩৪১

৩৭/ পোষাক ও অলঙ্কার (كتاب الباس والزينة)

পরিচ্ছেদঃ ৩৭/২. পুরুষ ও মহিলাদের জন্য স্বর্ণ ও রৌপ্যের পাত্র ব্যবহার হারাম এবং স্বর্গের আংটি ও রেশমী বস্ত্র পুরুষের জন্য হারাম ও তা মহিলাদের জন্য বৈধ এবং রেশমী দ্বারা নকশা করা যার পরিমাণ চার আঙুলের বেশী নয় তা পুরুষের জন্য বৈধ।

تحريم استعمال إِناء الذهب والفضة على الرجال والنساء، وخاتم الذهب والحرير على
الرجل وإِباحته للنساء، وإِباحة العلم ونحوه على الرجل ما لم يزد على أربع أصابع

আরবী

حَدِيثُ عُمَرَ عَنْ أَبِي عُثْمَانَ النَّهْدِيِّ، قَالَ: أَتَانَا كِتَابٌ عُمَرَ مَعَ عُتْبَةَ بْنِ فَرْقَدِ،
بِأَذْرِيجَانَ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، نَهَى عَنِ الْحَرِيرِ إِلَّا هَكَذَا؛ وَأَشَارَ
بِإِصْبَعَيْهِ اللَّتَيْنِ تَلِيَانِ الْإِبْهَامِ، قَالَ: فِيمَا عَلِمْنَا، أَنَّهُ يَعْنِي الْأَعْلَامَ

বাংলা

১৩৪১. 'উমার (রাঃ) হতে বর্ণিত। আবু উসমান নাহদী (রাঃ) বলেনঃ আমাদের কাছে 'উমার-এর থেকে এক পত্র আসে, এ সময় আমরা 'উত্বাহ ইবনু ফারকাদের সঙ্গে আয়ারবাইজানে অবস্থান করছিলাম। (তাতে লেখা ছিলঃ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রেশম ব্যবহার করতে নিষেধ করেছেন, তবে এতটুকু এবং ইশারা করলেন, বৃদ্ধ আঙুলের সাথে মিলিত দু'আঙুল দ্বারা (বর্ণনাকারী বলেনঃ) আমরা বুরুলাম যে (বৈধতার পরিমাণ) জানিয়ে তিনি পাড় ইত্যাদি উদ্দেশ্য করেছেন।

ফুটনোট

সহীলুল বুখারী, পর্ব ৭৭ : পোষাক, অধ্যায় ২৫, হাঃ ৫৮-২৮; মুসলিম, পর্ব ৩৭ : পোষাক ও অলঙ্কার, অধ্যায় হাঃ ২০৬৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ উমর ইবনুল খাতাব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=84569>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন